

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ২৩টি প্রতিষ্ঠানকে ১.৬৪ লক্ষ টাকা জরিমানা**

১২ ডিসেম্বর ২০১৬ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, বরিশাল, নারায়ণগঞ্জ, মৌলভীবাজার, নওগাঁ, ভোলা ও রংপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে এস গাই হোটেল, বিসমিল্লাহ হোটেল ও মুসলিম সুইটসকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কিংসম মেকারকে ৭,০০০/- (সাত হাজার) টাকাসহ মোট ৯৭,০০০/- (সাতানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়া নেতৃত্বে বরিশাল মহানগরের কোতয়ালী থানা এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ৭,২০০/- (সাত হাজার দুইশত) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের ফতুল্লা থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা এবং রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ মোট ৫৪,২০০/- (চুয়ান্ন হাজার দুইশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়া কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আনা ইয়াস ডাইনিং এন্ড চাইনিজ ও হান্ডি কড়াইকে যথাক্রমে ৮,০০০/- (আট হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৭টি বাজার তদারকি ও ২টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৩টি প্রতিষ্ঠানকে মোট ১,৬৪,২০০/- (এক লক্ষ চৌষট্টি হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মং ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুম আরেফিন)

সহকারী পরিচালক (তদন্ত)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, বরিশাল, নারায়ণগঞ্জ, মৌলভীবাজার, নওগাঁ, ভোলা ও রংপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, বরিশাল, নারায়ণগঞ্জ, মৌলভীবাজার, নওগাঁ, ভোলা ও রংপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।